

## প্রোফাইল



নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রোগ্রামার জনাব সৈয়দ মোহাম্মদ অলিউর রহমান বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক নিয়োগকৃত (টেকনিক্যাল) নন-ক্যাডার কর্মকর্তা। তিনি ১৯৮১ সালে ঢাকা জেলার দোহার উপজেলায় জন্মগ্রহণ করেন। তিনি প্রথম বিভাগে স্টার মার্কস নিয়ে সিভিল এভিয়েশন উচ্চ বিদ্যালয় হতে মাধ্যমিক এবং সরকারী বাঙলা কলেজ হতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হন। তিনি জাতীয় বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সাইন্স বিষয়ে ৪ বছর মেয়াদী বিএসসি (অনার্স) ও ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অলটারনেটিভ (UODA) হতে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন।

জনাব সৈয়দ মোহাম্মদ অলিউর রহমান ১১ মে ২০১৬ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে প্রোগ্রামার হিসেবে যোগদান করেন। নৌ-পরিবহন মন্ত্রণালয়ে যোগদানের পূর্বে তিনি টাচনেট অনলাইন লিমিটেড, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বীমা অধিদপ্তর ও মাল্টিন্যাশনাল শিপিং কোম্পানী সিএমএ সিজিএম বাংলাদেশ শিপিং লিমিটেড এ কর্মরত ছিলেন।

তিনি BUET থেকে ১ বছর মেয়াদী CCNA একাডেমিক ডিগ্রী অর্জন করেছেন এছাড়াও বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠান থেকে কম্পিউটার বিষয়ক বিভিন্ন এপ্লিকেশনের উপর প্রশিক্ষণ নিয়েছেন।

জনাব সৈয়দ মোহাম্মদ অলিউর রহমান বিবাহিত এবং দুই পুত্র সন্তানের জনক। তাঁর স্ত্রীর নাম নূর-ই-জান্নাত।